

ব্যাংকসমূহে স্কুল ব্যাংকিং কার্যক্রম প্রসঙ্গে।

স্কুল ছাত্র/ছাত্রীদেরকে ব্যাংকিং সেবা ও প্রযুক্তির সাথে পরিচিত করা এবং কোমলমতি ছাত্র-ছাত্রীদেরকে সঞ্চয়ের মনোবৃত্তি জাগিয়ে তোলার লক্ষ্যে বিশেষ গুরুত্বের সাথে স্কুল ব্যাংকিং প্রচলন করার জন্য ০২ নভেম্বর, ২০১০ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং ১২ এর মাধ্যমে সকল তফসিলী ব্যাংককে পরামর্শ দেয়া হয়েছে। উক্ত সার্কুলারের প্রেক্ষিতে ব্যাংকসমূহ এবিষয়ে ব্যাপক সাড়া দিয়েছে এবং স্কুল ব্যাংকিং প্রচলন করার জন্য ব্যাংকসমূহ ইতোমধ্যে ছাত্র/ছাত্রীদের জন্য আকর্ষণীয় মুনাফা সহ বিভিন্ন নামীয় স্কীম চালু করেছে। নিম্নে ৩০/০৬/২০১১ তারিখ এবং ৩০/০৯/২০১১ তারিখ ভিত্তিক স্কুল ব্যাংকিং এর আওতায় খোলা ব্যাংক হিসাবের হালনাগাদ তথ্যাদি বিস্তারিত ভাবে উল্লেখ করা হলো।

ব্যাংক	৩০/০৬/২০১১ তারিখে হিসাব সংখ্যা	৩০/০৯/২০১১ তারিখে হিসাব সংখ্যা	বৃদ্ধি
রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক(০৪টি)	০০	৯৩	৯৩
বিশেষায়িত ব্যাংক (০৪টি)	০০	১৭৩	১৭৩
বেসরকারী বাণিজ্যিক ব্যাংক (৩০টি)	১০৪৫০	১৮৯৫০	৮৫০০
বিদেশী ব্যাংক(০৯টি)	১৪০	৩৭৮	২৩৮
মোট (৪৭টি ব্যাংক)	১০৫৯০	১৯৫৯৪	৯০০৪

উল্লেখ্য, স্কুল ব্যাংকিং এর আওতায় ৩০/০৬/২০১১ তারিখ পর্যন্ত ২৫ টি ব্যাংক স্কুল ব্যাংকিং চালু করেছিল এবং ৩০/০৯/২০১১ তারিখ পর্যন্ত ৩২ টি ব্যাংক স্কুল ব্যাংকিং চালু করেছে। অন্যদিকে, ৩০/০৬/২০১১ তারিখে মোট হিসাবের সংখ্যা ছিল ১০৫৯০টি এবং ৩০/০৯/২০১১ তারিখে এ হিসাবের সংখ্যা বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ১৯৫৯৪টি।
